গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেলা কার্যালয়
১৩১-০৪, হাজরা, নাটোর।
ই-মেইলঃ natore@dnc.gov.bd

নং- ৫৮.০২.৬৯০০.১৪৩.২৩.০০১.২০. ২৫২

১৬ বৈশাখ ১৪৩১
তারিখ : ২৯ এপ্রিল ২০২৪

**বিষয়ঃ ২৬ জুন, ২০২৪ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশ গ্রহণ প্রসংগে।**

সূত্রঃ অপারেশন্‌স অধিশাখার স্মারক নং-১০৭, তারিখঃ ২২/০৪/২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যায় যে, আগামী ২৬ জুন, ২০২৪ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সংগে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে পালনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনি অবগত আছেন যে, দেশের যুব সমাজের একটা অংশ মাদকাসক্ত হওয়ার কারণে সমাজে বিভিন্ন ধরণের অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে দেখা দিচ্ছে অশান্তি ও অস্থিরতা। মাদকের করাল গ্রাস থেকে যুব সমাজকে রক্ষা করা ও তাদেরকে সুস্থ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। তরুণ ও যুবসমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আগামী ২৬ জুন, ২০২৪ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর কর্তৃক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো। চারটি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

**চিত্রাঙ্কন প্রতিযোগিতা**

| ক্র: নং | গ্রুপ | শ্রেণি | ২০২৪ সালের জন্য বিষয়বস্তু |
|---|---|---|---|
| ০১ | ক | ১ম-৩য় শ্রেণি বা সমমান | সবুজ প্রকৃতির আমার দেশ<br>মাদকমুক্ত বাংলাদেশ। |
| ০২ | খ | ৪র্থ-৭ম শ্রেণি বা সমমান | স্বাধীনতা এনেছি মুক্ত করেছি দেশ<br>নেশা মুক্ত জীবন গড়বো, গড়বো স্মার্ট বাংলাদেশ। |
| ০৩ | গ | ৮ম-১০ম শ্রেণি বা সমমান | পরাধীন নই আমি নই মুখাপেক্ষী কারো<br>নেশাকে বলি 'না' বাড়াই আত্মশক্তি আমরা। |
| ০৪ | ঘ | বিশেষ চাহিদা সম্পন্ন | উন্মুক্ত। |

**প্রতিযোগিতার নিয়মাবলী:**

১। নাটোর জেলার সকল স্কুল ও মাদ্রাসার আগ্রহী ছাত্র/ছাত্রীরা গ্রুপ অনুসারে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
২। চিত্রাংকনের সাদা আর্ট পেপার আয়োজনকারী কর্তৃপক্ষ সরবরাহ করবে (রংতুলি সহ অন্যান্য জিনিস সাথে আনতে হবে)।
৩। চিত্রাংকনের আর্ট পেপারের উপরের দিকে গ্রুপ, প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
৪। চিত্রাংকন আগামী ১৮ মে, ২০২৪ তারিখ জেলা শিল্পকলা একাডেমি, নাটোরে বিকাল ০৪:০০-০৫:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
৫। চিত্রাংকন প্রতিযোগিতার ফলাফল ১৮ মে, ২০২৪ তারিখ অর্থাৎ চিত্রাংকনের দিনই প্রকাশ করা হবে।
উল্লেখ্য যে, অংশগ্রহণকারীদেরকে ০৩.৩০ মিনিটের মধ্যে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

**পুরস্কার:**

চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

২৯/৪/২৪
(মোহাম্মদ লুৎফর রহমান)
উপপরিচালক
ফোনঃ ০২৫৮৮৮৭১৬৯০
মোবাইলঃ ০১৪০৪-০৭২৪১৮

প্রধান শিক্ষক/সুপার
..............................স্কুল/মাদ্রাসা, নাটোর।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। জেলা প্রশাসক, নাটোর।
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি), নাটোর।
৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল),---------------- নাটোর।
৫। জেলা কালচারাল অফিসার, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, নাটোর।
৬। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমী, নাটোর।
৭। উপজেলা/থানা, মাধ্যমিক/প্রাথমিক শিক্ষা অফিসার,-------------------------।
৮। পরিদর্শক, নাটোর 'ক'/'খ' সার্কেল/যমুনা ডিস্টিলারী লিঃ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর।
৯। অফিস কপি।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেলা কার্যালয়
১৩১-০৪, হাজরা, নাটোর।
ই-মেইল: natore@dnc.gov.bd

নং- ৫৮.০২.৬৯০০.১৪৩.২৩.০০১.২০. ১৫০

তারিখ : ১৬ বৈশাখ ১৪৩১ / ২৯ এপ্রিল ২০২৪

**বিষয়: ২৬ জুন, ২০২৪ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতায় অংশ গ্রহণ প্রসংগে।**

সূত্রঃ অপারেশন্‌স অধিশাখার স্মারক নং-১০৭, তারিখঃ ২২/০৪/২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যায় যে, আগামী ২৬ জুন, ২০২৪ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সংগে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে পালনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনি অবগত আছেন যে, দেশের যুব সমাজের একটা অংশ মাদকাসক্ত হওয়ার কারণে সমাজে বিভিন্ন ধরণের অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে দেখা দিচ্ছে অশান্তি ও অস্থিরতা। মাদকের করাল গ্রাস থেকে যুব সমাজকে রক্ষা করা ও তাদেরকে সুস্থ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। তরুণ ও যুবসমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আগামী ২৬ জুন, ২০২৪ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হলো। তিনটি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

রচনা প্রতিযোগিতা

| ক্র: নং | গ্রুপ | শ্রেণি | ২০২৪ সালের জন্য বিষয়বস্তু |
|---|---|---|---|
| ০১ | ক | ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ) | মাদককে বুখব, স্মার্ট বাংলাদেশ গড়ব। |
| ০২ | খ | ৯ম, ১০ম ও সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ) | মাদকমুক্ত বাংলাদেশ সুস্থ্য জীবন সুস্থ্য দেশ। |
| ০৩ | গ | একাদশ, দ্বাদশ, স্নাতক ও সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ) | বাঁচাতে দেশ বাঁচাতে জীবন রুখতে হবে মাদক আগ্রাসন। |

**প্রতিযোগিতার নিয়মাবলী:**

১। নাটোর জেলার সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণ যোগ্য নয়।

৩। রচনার সাথে আলাদা কাগজে গ্রুপ, প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।

৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।

৫। খামের উপর "রচনা প্রতিযোগিতাঃ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৪" লিখতে হবে।

৬। রচনা আগামী ১৯ মে, ২০২৪ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ১৩১-০৪, হাজরা, নাটোর ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে রচনা গৃহীত হবে না।

**পুরস্কার:**

রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

২৯/৪/২৪
(মোহাম্মদ লুৎফর রহমান)
উপপরিচালক
ফোনঃ ০২৫৮৮৮৭১৬৯০
মোবাইলঃ ০১৪০৪-০৭২৪১৮

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার
.........................................কলেজ/স্কুল/মাদ্রাসা, নাটোর।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, নাটোর।
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি), নাটোর।
৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল),---------------- নাটোর।
৫। উপজেলা/থানা, মাধ্যমিক শিক্ষা অফিসার,------------------------।
৬। পরিদর্শক, নাটোর 'ক'/'খ' সার্কেল/যমুনা ডিস্টিলারী লিঃ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নাটোর।
৭। অফিস কপি।

CamScanner